SAPPO
26/05/22

পত্র প্রাপ্তি নং..... ৪৭২
তাং ২৭/৫/22

## মে ২০২২, মাসে অনুষ্ঠিত জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: খালেদ মোহাম্মদ জাকী
জেলা প্রশাসক
দিনাজপুর।

তারিখ: ৩০ মে, ২০২২ খ্রিঃ।
সময়: বিকাল- ৩.৩০ ঘটিকা।

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং সদস্য সচিবকে বিষয় ভিত্তিক অলোচনার জন্য অনুরোধ করা হয়।

**আলোচ্যসূচি-১: গত ২৭/৪/২০২২, তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।**

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর, ২৭/৪/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব উত্থাপন না হওয়ায় তা দৃঢ়করা যায় মর্মে সকল সদস্য একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ১: (ক)** ২৭/৪/২০২২, তারিখে অনুষ্ঠিত জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় ২৭/৪/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

**আলোচ্যসূচি-২ : মে-২০২২, মাসের সার পরিস্থিতি:**

**ক) ইউরিয়া ও নন-ইউরিয়া সার পরিস্থিতি :-**

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর, মে-২০২২, মাসের সার পরিস্থিতি সভায় উপস্থাপন ও আলোচনা করেন, যা নিম্নরুপ:

একক: মে:টন

| সারের নাম | অনুমোদিত বরাদ্দ | অতিরিক্ত বরাদ্দ | প্রকৃত বরাদ্দ | পূর্ব মাসের সমাপ্তি মজুদ | এ মাসে প্রাপ্তি | | | | বিতরণ যোগ্য সার | বিতরণ | ডিলার পর্যায়ে মজুদ | গত বছরে একই সময়ে মজুদ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | চলতি মাসের বরাদ্দ হতে | পূর্ববর্তী বরাদ্দ হতে | বরাদ্দ বহির্ভূত | মোট প্রাপ্তি | | | | |
| ইউরিয়া | ২০৩৮ | ০ | ২০৩৮ | ৫১৪৫ | ১৩৪২ | ২৫৪ | ০ | ১৫৯৬ | ৬৭৪১ | ১৭৫৫ | ৪৯৮৬ | ৩৮২০ |
| টিএসপি | ৯৯২ | ০ | ৯৯২ | ১৭৮৩ | ১৮৬ | ২৪৬ | ৪৫ | ৪৭৭ | ২২৬০ | ৫১২ | ১৭৪৮ | ৯৫০ |
| ডিএপি | ১০৩৩ | ০ | ১০৩৩ | ৪৭৭৭ | ৪৯৮ | ৩৮৭ | ১১০ | ৯৯৫ | ৪৭৭২ | ১২৮৪ | ৪৪৮৮ | ২১৫০ |
| এমওপি | ৪৫০ | ০ | ৪৫০ | ৫৩৪ | ২৬৯ | ৫৬ | ২৮ | ৩৫৩ | ৮৮৭ | ৩৫৯ | ৫২৮ | ১৮০৫ |

**খ) জেলার ৩টি বিসিআইসি বাফার গুদামে ইউরিয়া সারের মজুদ পরিস্থিতি :-**

| ক্র: নং | বাফার গুদামের অবস্থান | বর্তমানে ইউরিয়া সারের মজুদ (মে:টন) | গত মাসে জমাট/দলা বাঁধা ইউরিয়া সারের পরিমাণ (মে:টন) | এক মাসে জমাট/দলা বাঁধা ইউরিয়া সার বিক্রয়ের পরিমাণ (মে:টন) | এ মাসে জমাট/দলা বাঁধা ইউরিয়া সারের মজুদ (মে:টন) (৪-৫) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | পুলহাট, সদর, দিনাজপুর | ৬১২৩ | ৩৩৭৭ | ১২৪ | ৩২৫৩ |
| ২ | পার্বতীপুর, দিনাজপুর | ৩২০০ | ০ | ০ | ০ |
| ৩ | চরকাই, বিরামপুর, দিনাজপুর | ৪৩৮২ | ০ | ০ | ০ |
| | মোট= | ১৩৭০৫ | ৩৩৭৭ | ১২৪ | ৩২৫৩ |

জেলার ৫ টি বিএডিসি'র গুদামে টিএসপি-৪৯৯৪ মে:টন, ডিএপি-৮৯৬৫ মে:টন এবং এমওপি-৭৭৭২ মে:টন সার মজুদ রয়েছে। সার পরিস্থিতি সন্তোষজনক পর্যায়ে রয়েছে মর্মে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর ও বিএফএ প্রতিনিধিগণ মতামত ব্যক্ত করেন।

**সিদ্ধান্তঃ ২** (ক) ২০২১-২২ অর্থবছরে ডিলার পর্যায় উপবরাদ্দকৃত সকল প্রকার সারের টাকা ৩০ জুন-২০২২, তারিখের মধ্যে জমা ও সারের উত্তোলন নিঃশেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ

১। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), দিনাজপুর।

২। বিসিআইসি ও বিএডিসি সার ডিলার (সকল), দিনাজপুর।

**২(খ) জুন- ২০২২. মাসের নন ইউরিয়া সারের উপজেলাওয়ারি বরাদ্দ বিভাজন প্রস্তাবনা।**

সভায় জানানো হয়, জুন ২০২২, মাসের জন্য টিএসপি ৭২৩ মে:টন, ডিএপি **১৬৮৮**মে:টন এবং এমওপি ৯৭৬ মে:টন সার বিএডিসি, বিসিআইসি ও আমদানীকারক পর্যায়ে বরাদ্দ পাওয়া যায়, যা উপজেলার স্থানীয় চাহিদা, আবাদি জমি ইত্যাদি বিবেচনায় উপজেলাওয়ারী বরাদ্দ বিভাজন প্রস্তাবনা তৈরী করা হয়েছে। বরাদ্দ বিভাজন প্রস্তাবনা নিম্নরুপ:

| ক্র: নং | উপজেলার নাম | টিএসপি'র বরাদ্দ (মে:টন) | | | ডিএপি (মে.টন) | | | এমওপি(মে.টন) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | বিসিআইসি হতে বরাদ্দ | বিএডিসি হতে বরাদ্দ | মোট | বিএডিসি | রাফি এন্টাঃ এলসি-১৩০, তাং -২৯/৬/২০২১ (চীন) নোয়াপাড়া | মোট | বিএডিসি হতে বরাদ্দ |
| ১ | সদর | ৪১ | ৪১ | ৮২ | ১২৮ | ৬৭ | ১৯৫ | ১৫০ |
| ২ | চিরিরবন্দর | ৩১ | ২৯ | ৬০ | ৯১ | ৪৭ | ১৩৮ | ৪০ |
| ৩ | পার্বতীপুর | ৩০ | ৩০ | ৬০ | ৯৮ | ৫০ | ১৪৮ | ৬০ |
| ৪ | বীরগঞ্জ | ৪১ | ৪১ | ৮২ | ১১৬ | ৬০ | ১৭৬ | ১৬০ |
| ৫ | বিরল | ৪২ | ৪২ | ৮৪ | ১২৮ | ৬৭ | ১৯৫ | ১৬০ |
| ৬ | নবাবগঞ্জ | ২৭ | ২৮ | ৫৫ | ৯৫ | ৪৯ | ১৪৪ | ৬০ |
| ৭ | ফুলবাড়ী | ২৫ | ২৫ | ৫০ | ৮৪ | ৪৩ | ১২৭ | ৬০ |
| ৮ | বিরামপুর | ২৫ | ২৫ | ৫০ | ৮২ | ৪৩ | ১২৫ | ৬০ |
| ৯ | খানসামা | ২২ | ২৩ | ৪৫ | ৬৬ | ৩৪ | ১০০ | ৫০ |
| ১০ | কাহারোল | ২২ | ২৩ | ৪৫ | ৬৬ | ৩৪ | ১০০ | ৫০ |
| ১১ | বোচাগঞ্জ | ২২ | ২৩ | ৪৫ | ৬৬ | ৩৪ | ১০০ | ৬৫ |
| ১২ | হাকিমপুর | ১৬ | ১৪ | ৩০ | ৪০ | ২০ | ৬০ | ২৫ |
| ১৩ | ঘোড়াঘাট | ১৮ | ১৭ | ৩৫ | ৫৩ | ২৭ | ৮০ | ৩৬ |
| | সর্বমোট = | ৩৬২ | ৩৬১ | ৭২৩ | ১১১৩ | ৫৭৫ | ১৬৮৮ | ৯৭৬ |

প্রস্তাবিত বরাদ্দ বিভাজন যথাযথ হয়েছে মর্মে সকল সদস্য কর্তৃক মতামত ব্যক্ত করা হয়।

**সিদ্ধান্ত ২: (খ)** জুন-২০২২, মাসের জন্য বরাদ্দ প্রাপ্ত নন-ইউরিয়া সারের উপজেলাওয়ারী বিভাজন সভায় অনুমোদন করা হয় ও ভতুর্কির নীতিমালা অনুযায়ী ডিলারওয়ারী উপবরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:**

১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর।

আলোচ্য বিষয় -৩ : **জেলার বীজ পরিস্থিতি আলোচনা ও সিদ্ধান্ত:-**

সভায় উপপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, দিনাজপুর জানান, কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন কর্মসূচীর ২০০০ কেজি বীজের চাহিদা রয়েছে। ইতোমধ্যে কেন্দ্রীয়ভাবে ঢাকায় আমদানীকৃত পেঁয়াজ বীজ আসা শুরু হয়েছে। কিছু পরিমান বীজ গুদামে আসা বাকী রয়েছে। বীজের সরবরাহ পাওয়া মাত্রই উপজেলা পর্যায়ে বিভাজন অনুযায়ী বীজ বিতরণ করা হবে। তিনি আরও জানান, আমন ধানের উচ্চ ফলনশীল জাতের বীজের বরাদ্দ অনুযায়ী সরবরাহ পাওয়া যাচ্ছে, যা ডিলার পর্যায়ে বিতরণ শুরু হয়েছে। তিনি বীজ বিক্রয় কাজে সকলের সহযোগীতা কামনা করেন।

সভায় জেলা বীজ প্রত্যয়ন অফিসার জানান, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৭/৪/২০২২ তারিখের ১২.০০.০০০০.০৯৮.১৬.০০৬.১৫.১০৬ নম্বর স্মারক পত্রে কৃষকের মাঝে মান সম্পন্ন বীজ সরবরাহ নিরবিচ্ছিন্ন করার স্বার্থে বীজ বিধিমালা ২০২০, অনুযায়ী বীজ ডিলার নিবন্ধন ও নিবন্ধন নবায়ন কাযক্রম, জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। পত্রের মর্মানুযায়ী

বেসরকারী বীজ ডিলারদের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ সীড এসোসিয়েশনের (বি এস এ) সদস্য অন্তর্ভূক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জেলা বীজ প্রত্যয়ন অফিসারকে অনুরোধ করা হয়েছে।

তিনি আরও জানান, দিনাজপুর জেলা খাদ্য শস্য ভান্ডার হিসাবে খ্যাত। এ জেলায় বিভিন্ন উফশী ও হাইব্রিড জাতের ধানের চাষ হয়ে থাকে। বীজ ডিলার রেজিষ্ট্রেশনের বাহিরে কোন ব্যবসায়ী যেন বীজ বিক্রয় করতে না পারে এবং নিম্ন মানের বীজের ব্যবহার যেন না হয় সে বিষয়ে উপজেলা পর্যায়ে বীজ ডিলারদের ব্যবস্যা প্রতিষ্ঠান তদারকি নিবিড় করার প্রয়োজনীয়তার বিষয়টি সভায় আলোচনা করেন। তিনি জানান, ইতোমধ্যেই তার প্রতিষ্ঠানের পক্ষ হতে ৫০০০ ট্যাগ বীজ উৎপাদন কারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করা হয়েছে। তিনি বেসরকারী বীজ ডিলারদের বাংলাদেশ সীড এসোসিয়েশনের (বি এস এ) সদস্য অন্তর্ভূক্তির কার্যক্রম গ্রহনে প্রয়োজনীয় সহযোগীতা কামনা করেন।

**সিদ্ধান্ত ৩:(ক)** আসন্ন রোপা আমন মৌসুমের জন্য আমন বীজ প্রাপ্তির সাথে সাথেই বীজ বিক্রয়/বিপণনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

(খ) অধিক মুনাফা লাভের আসায় রেজিষ্ট্রেশন বিহীন কোন প্রতিষ্ঠান কর্তৃক নিম্ন মানের বীজ বিক্রয়/বিপনণ বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নে:**

১। উপপরিচালক (বীজ বিপণন), বিএডিসি দিনাজপুর।

২। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), দিনাজপুর।

**আলোচ্য বিষয় -৪ : দিনাজপুর সদর উপজেলায় ১ জন ও ঘোড়াঘাট উপজেলায় ১ জন বিসিআইসি সার ডিলার নিয়োগ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।**

উপপরিচালক, কৃষি সম্পসারণ অধিদপ্তর দিনাজপুর জানান, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক), বিসিআইসি, ঢাকা মহোদয়ের ১৪/৩/২০২২ তারিখের ১২৪ ও ১২৫ নং স্মারক পত্রে জানা যায়, (১) দিনাজপুর সদর উপজেলায় মেসার্স এস.আর এন্টার প্রাইজ, প্রোঃ আশরাফুল আলম রমজান এবং (২) ঘোড়াঘাট উপজেলার মেসার্স দুই ভাই মন্ডল ট্রেডার্স, প্রোঃ মোঃ হারুন-অর-রশিদ বিসিআইসি সার ডিলারশীপ প্রাপ্তির জন্য বিসিআইসি বরাবর আবেদন করেন।

এ প্রেক্ষিতে সভায় জানানো হয়, দিনাজপুর সদর উপজেলায় ১০ টি ইউনিয়ন ও ১টি পৌরসভার জন্য মোট ১১ জন বিসিআইসি সার ডিলার ও ঘোড়াঘাট উপজেলার ৪ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভার জন্য মোট ১০ জন বিসিআইসি সার ডিলার নিযুক্ত রয়েছেন, মর্মে উক্ত উপজেলা দু'টিতে কৃষি মন্ত্রণালয়ের ১৭/৬/২০১৫ তারিখের ১২.০০.০০০০.০৩৫.০৭.০৯৩.২০১৪-২৩৩ নম্বর স্মারকের নির্দেশনানুযায়ী নতুন করে বিসিআইসি সার ডিলার নিয়োগের সুযোগ নেই।

**সিদ্ধান্ত ৪-(ক)** : সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ অনুযায়ী দিনাজপুর সদর ও ঘোড়াঘাট উপজেলায় নতুন করে বিসিআইসি সার ডিলার নিয়োগের সুপারিশ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীদ্বয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:**

১। উপজেলা কৃষি অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ও উপজেলা কৃষি অফিসার ঘোড়াঘাট, দিনাজপুর।

**আলোচ্যসূচি বিবিধ-৫: মেসার্স এম আর ব্রাদার্স, বিএডিসি বীজ ও সার ডিলার, ফুলবাড়ী, দিনাজপুরের অনুকুলে সারের উপবরাদ্দ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।**

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর জানান, ফুলবাড়ী উপজেলার মেসার্স এম আর ব্রাদার্স, বিএডিসি বীজ ও সার ডিলারের স্বত্বাধিকারী মোঃ মইনূর রহমান ২৮/২/২০২২ তারিখে মৃত্যুবরণ করায়, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে সারের উপবরাদ্দ বন্ধ রাখা হয়। ইতোমধ্যে ২৬/৪/২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ফুলবাড়ি, দিনাজপুরের সভায় উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম পরিবর্তন না হওয়া পর্যন্ত মৃতের স্ত্রী মোছাঃ শেফাউন্নাজ এর পরিচালনায় সারের উপবরাদ্দ প্রদান করার জন্য সুপারিশ করা হয়েছে।

মোছাঃ শেফাউন্নাজ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রের কাগজ পত্র যাচাই অন্তে দেখা যায়, আবেদনে আদালত কর্তৃক সাকসেশন সনদ এবং বিএডিসি বীজ ডিলার হতে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ পদ্ধতি/শর্তাবলী ২০১০, এর অনুচ্ছেদ-২৩, অনুযায়ী কাগজপত্র জমা দেওয়া হয়নি, বর্ণিতাবস্থায় বিএডিসি হতে স্বত্বাধিকারীর নাম পরিবর্তন না হওয়া পর্যন্ত উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে সারের উপবরাদ্দ প্রদান বন্ধ রাখার গত সভার সিদ্ধান্ত বলবত রাখা যেতে পারে মর্মে সকল সদস্য একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত বিবিধ ৫:** (ক) মেসার্স এম.আর ব্রাদার্স, বিএডিসি বীজ ও সার ডিলার ফুলবাড়ী দিনাজপুরের অনুকূলে সারের উপবরাদ্দ প্রদান বন্ধ রাখার গত সভার সিদ্ধান্ত বহাল রাখা হয়।

(খ) বিএডিসি'র নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম স্থায়ীভাবে পরিবর্তন সাপেক্ষে এ সভায় উপস্থাপন পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) বিএডিসি বীজ ডিলার হতে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ পদ্ধতি/শর্তাবলী ২০১০, এর অনুচ্ছেদ-২৩, অনুযায়ী দিনাজপুর জেলার বিএডিসি'র সকল সার ডিলারদের নিকট হতে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ডিলারশীপ মালিকানা উত্তরাধিকার মনোনয়ন গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ**

১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর।

২। যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, দিনাজপুর।

৩। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।

৪। উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।

5। বিএডিসি নিবন্ধিত সার ডিলার (সকল), দিনাজপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

(খালেদ মোহাম্মদ জাকী)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
দিনাজপুর।